# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 12-09-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) অষ্টাদশ ব্রিকস শিখর সম্মেলন আজ বিকেলে নতুন দিল্লীর ভারত মন্ডপমে শুরু হতে চলেছে।

ভারতের সভাপতিত্বে এই সম্মেলনে ১১ টি প্রধান বিকাশশীল দেশের নেতৃবৃন্দ বিভিন্ন বিষয়ে মত বিনিময় করবেন।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ব্রিকস সম্মেলনের ফাঁকে ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলি, মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম সহ বেশ কয়েকটি দেশের নেতৃবৃন্দের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন।

চীনের রাষ্ট্রপতি শি জিন পিং-এর সঙ্গেও তিনি আজ দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন।

৩) ছবছর বন্ধ থাকার পর চীনের গুয়াংঝাও থেকে নতুন দিল্লি পর্যন্ত নিয়মিত যাত্রীবাহী বিমান পরিষেবা পুনরায় শুরু হবে।

৪) ‘প্রধানমন্ত্রী কিষান মান ধন যোজনা’- PM-KMY-র, আজ সাত বছর পূর্ণ হলো।

৫) জুনিয়ার হকি এশিয়া কাপে আজ ভারতীয় মহিলা দল দক্ষিণ কোরিয়াকে ৫-১ গোলে হারিয়ে প্রতিযোগিতার ফাইনালে উঠেছে।

৬) এশিয়াকাপ মহিলা টি টোয়েন্টি ক্রিকেটের ফাইনালে আগামীকাল ভারত শ্রীলঙ্কার মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------------------------------

অষ্টাদশ ব্রিকস শিখর সম্মেলন আজ বিকেলে  নতুন দিল্লীর ভারত মন্ডপমে শুরু হতে চলেছে। দুদিনের এই বিরাট সম্মেলনে ব্রাজিল, চীন, মিশর, ইথিওপিয়া, ভারত, ইন্দোনেশিয়া, ইরাণ, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা এবং সংযুক্ত আরব আমীরশাহী এই ১১ টি প্রধান বিকাশশীল অর্থনীতির দেশ নিজেদের মধ্যে বিভিন্ন বিষয়ে মত বিনিময় করবেন। উল্লেখ্য, এই ১১ টি দেশ নিয়ে গঠিত হয়েছে ব্রিকস। এর সহযোগী দেশগুলি হলো – বেলারুশ, কিউবা, বলিভিয়া, কাজাখস্তান, মালয়েশিয়া, নাইজেরিয়া, থাইল্যান্ড, উগান্ডা, উজবেকিস্তান এবং ভিয়েতনাম।

উচ্চ পর্যায়ের এই সম্মেলনে ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতারা বিশ্ব প্রশাসন, বহুপাক্ষিকতা, বাণিজ্য ও বিনিয়োগ, প্রযুক্তি, খাদ্য ও জ্বালানী নিরাপত্তা, স্বাস্থ্য সুরক্ষা, বিপর্যয় মোকাবিলা এবং গুরুত্বপূর্ন সরবরাহ শৃঙ্খল নিয়ে আলাপ আলোচনা করবেন। ভারতের সভাপতিত্বে ২০২৬ এর ব্রিকস শীর্ষ সম্মেলনের মূল ভাবনা সহনশীলতা, উদ্ভাবন, সহযোগিতা এবং স্থিতিশীলতার জন্য নির্মাণ।

রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন, চীনের রাষ্ট্রপতি শি জিনপিং, দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি সিরিল রামাফোসা, মিশরের রাষ্ট্রপতি আব্দেল ফাতাহ আল সিসি, ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি  প্রাবোও সুবিয়ান্তো, ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেস্কিয়ান, ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবেই আহমেদ আলী এবং আবু ধাবির যুবরাজ শেখ খালেদ বিন মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের উপস্থিতিতে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সম্মেলনে পৌরোহিত্য করবেন। ব্রাজিলের পক্ষ থেকে প্রতিনিধিত্ব করছেন সেদেশের

বিদেশমন্ত্রী মাউরো ভিয়েরা। সৌদি আরবের বিদেশমন্ত্রী, যুবরাজ ফয়সাল বিন ফারহান আল সৌদও সম্মেলনে যোগ দেবেন।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ব্রিক্স-২০২৬ শিখর সম্মেলনের ফাঁকে ইথিওপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ আলির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন । দিল্লিতে বিদেশ মন্ত্রক সূত্রে জানানো হয়েছে বৈঠকে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বাণিজ্য ও বিনিয়োগ, উন্নয়ন সহযোগিতা, পরিকাঠামো, প্রযুক্তি, দক্ষতা বৃদ্ধি এবং জনগণের মধ্যে যোগাযোগ-সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়েছে । এই বৈঠকে ২০২৫ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঐতিহাসিক আদ্দিস আবাবা সফর প্রসঙ্গ ওঠে। প্রধানমন্ত্রী মোদি ব্রিক্স শিখর সম্মেলনে ইথিওপিয়ার যোগদানে সন্তোষ ব্যক্ত করেন। পরে শ্রী মোদী মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গেও এক বৈঠকে মিলিত হন। তাঁদের মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা এবং দুদেশের মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্কের বিষয়ে কথা হয়। শ্রী মোদিআশিয়ান দেশ গোষ্ঠীর সঙ্গে ভারতের সম্পর্ক জোরদার করার ক্ষেত্রে মালয়েশিয়ার ভূমিকার প্রশংসা করেন। দুদেশের মধ্যে সার্বিক কৌশলগত অংশীদারিত্ব এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়েও কথা হয়।

প্রধানমন্ত্রী মোদী আবুধাবির ক্রাউন প্রিন্স শেখ খালেদ বিন মহম্মদ বিন জায়েদ আল নাহিয়ান ও ভিয়েতনামের প্রধানমন্ত্রী লে মিন হুং এর সঙ্গে ও দ্বিপক্ষহিক বৈঠকে মিলিত হন।

এদিকে, প্রধানমন্ত্রী মোদি আজ আরও কয়েকজন বিশ্বনেতার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। তাঁদের মধ্যে রয়েছেন চিনের প্রেসিডেন্ট শি জিনপিং এর সঙ্গে কথা বলবেন।

--------------------

সম্মেলনের সূচনায় প্রথম অধিবেশনে ব্রিকস গোষ্ঠীভুক্ত সদস্য দেশগুলির নেতারা "অন্তর্ভুক্তিমূলক আন্তর্জাতিক প্রশাসন এবং বহুপাক্ষিকতার শক্তশালীকরণ" শীর্ষক রুদ্ধদ্বার বৈঠকে অংশ নেবেন।

একই সঙ্গে নেতারা ভারত মণ্ডপমে 'ভারত ইনোভেটস' প্রদর্শনী পরিদর্শন করবেন। এরপর তাঁরা যৌথভাবে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেবেন। সন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আয়োজনে হবে নৈশভোজ। শীর্ষ সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ব্রিকসের বিভিন্ন দেশের নেতাদের সঙ্গে একাধিক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। চীনের রাষ্ট্রপতি, আবুধাবির যুবরাজ, ইথিওপিয়ার প্রধানমন্ত্রী, মালয়েশিয়ার প্রধানমন্ত্রী এবং ভিয়েতনামের প্রধানমন্ত্রীর সঙ্গে আলাদা আলাদা ভাবে কথা বলবেন তিনি। আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ব্রিকসের অংশীদার দেশগুলির নেতা এবং আমন্ত্রিত দেশগুলির প্রতিনিধিদের স্বাগত জানাবেন। যোগ দেবেন সম্মেলনের বিভিন্ন অধিবেশনে।

এদিকে চীনের রাষ্ট্রপতি শি জিনপিং ব্রিকস শিখর সম্মেলনে যোগ দিতে আজ নতুন দিল্লিতে পৌঁছেছেন। এছাড়াও, ভিয়েতনামের প্রধানমন্ত্রী লে মিন হুং, বিশ্ব স্বাস্থ্য সংগঠন who এর মহানির্দেশক ড: টেড্রস আধানম , ঘেব্রেসুস এই সম্মেলনে যোগ দিতে আজ নতুন দিল্লি এসে পৌঁছেছেন।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিশ্ব বাণিজ্যের কল্যাণে নিরাপদ সমূদ্র পথ, মুক্ত সরবরাহ এবং নাবিক ও নৌযাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। বাণিজ্যিক বাধা দূর করে ব্যবসায়িক সুযোগ বৃদ্ধির লক্ষ্যে সহযোগিতা বাড়িয়ে তোলার জন্য ব্রিকস

গোষ্ঠীভুক্ত দেশগুলির কাছে আবেদন জানান তিনি। গত সন্ধ্যায় নতুন দিল্লীর ভারত মন্ডপমে ব্রিকস বিজনেস ফোরামের ভাষনে প্রধানমন্ত্রী বলেন, ভারত বরাবরই অবাধ সামুদ্রিক যাতায়াত এবং নৌযাত্রীদের নিরাপত্তার পক্ষে সওয়াল করে এসেছে।

(বাইট- মোদী- সি লেন)

---------------------

ছবছর বন্ধ থাকার পর চীনের গুয়াংঝাও থেকে নতুন দিল্লি থেকে নিয়মিত যাত্রীবাহী বিমান পরিষেবা পুনরায় শুরু হবে। চীনের সাদার্ন এয়ারলাইন সূত্রে এই খবর জানানো হয়েছে. ২০২০ সালে কোভিড মহামারীর সময় এই পরিষেবা বন্ধ হয়ে গেছিলো। চীনের রাষ্ট্রপতি শি জিংপিং-এর ব্রিকস সম্মেলনে যোগ দিতে নতুন দিল্লি সফরের মাঝেই এই ঘোষণা করা হয়েছে। উল্লেখ্য এ বছরের মার্চ মাসে ভারতের ইন্ডিগো বিমান সংস্থা সাংহাই থেকে কলকাতার মধ্যে দৈনিক বিমান পরিষেবা চালু করেছে।

---------------------

প্রধানমন্ত্রী কিষান মান ধান যোজনা PM-KMY , আজ সাত বছর পূর্ণ করলো। ২০১৯ সালের আজকের দিন অর্থাৎ ১২ ই সেপ্টেম্বর, এর সূচনা হয় । দেশের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বার্ধক্যে আর্থিক ও সামাজিক নিরাপত্তা সুনিশ্চিত করতে কেন্দ্রীয় সরকার এই পেনশন প্রকল্প চালু করে।

এই প্রকল্পের আওতায় , যাঁদের জমি আছে এমন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ৬০ বছর বয়স থেকে মাসে ন্যুনতম তিন হাজার টাকা করে পেনশন দেওয়া হয়ে থাকে।

---------------------

সরকার, প্রধানমন্ত্রী আবাস যোজনায় শহরাঞ্চলীয় প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের জন্যে ১৮ লক্ষ ৭৭ হাজার বাড়ি তৈরির বিষয়টি অনুমোদন করেছে। নতুন দিল্লিতে গত বৃহস্পতিবার কেন্দ্রীয় বরাদ্দ ও নজরদারি কমিটির নবম বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে পৌরোহিত্য করেন আবাসন ও শহরাঞ্চলীয় মন্ত্রকের নগরন্নয়ন দপ্তরের সচিব সত্যেন্দ্র সিং। এই সিদ্ধান্তের ফলে শহরাঞ্চলে সকলের জন্যে আবাসন প্রকল্প রুপায়নের পথ, আরও এক ধাপ প্রশস্ত হল।

--------------------

সৌদি আরব জানিয়েছে, ড্রোন হামলার একদিন পর দেশের গুরুত্বপূর্ণ ইস্ট-ওয়েস্ট তেল পাইপলাইন সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। সেদেশের জ্বালানি মন্ত্রক জানিয়েছে, সতর্কতামূলক ব্যবস্থা হিসেবেই এই সিদ্ধান্ত।

ইরান, আমেরিকা ও ইজরায়েলের মধ্যে চলতি সংঘাতের জেরে হরমুজ প্রণালী দিয়ে তেল সরবরাহ ব্যাহত হওয়ার পর, সৌদি আরবের তেল রপ্তানি অব্যাহত রাখতে ইস্ট-ওয়েস্ট পাইপলাইন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সৌদি জানিয়েছে, ইরাক থেকে আসা কয়েকটি ড্রোনের মাধ্যমে এই হামলা চালানো হয়। ইরাক সরকার হামলার নিন্দা করে তদন্তের নির্দেশ দিয়েছে।

এদিকে, ইয়েমেনে ইরান-সমর্থিত হুথি বিদ্রোহীরা মুকা বন্দর এবং বাব-এল-মান্দেব প্রণালীর গুরুত্বপূর্ণ পেরিম দ্বীপ দখল করেছে বলে খবর। লোহিত সাগরের দক্ষিণ প্রান্তে অবস্থিত এই প্রণালীকে কেন্দ্র করে পশ্চিম এশিয়ায় চলতি সংঘাতে নতুন একটি দিক তৈরি হয়েছে।

--------------------

HPV সংক্রমণ এবং এ সংক্রান্ত ক্যান্সার প্রতিরোধে ৮০ লক্ষ হিউম্যান প্যাপিলোমা ভাইরাস বা HPV টীকা দিয়ে ভারত এক উল্লেখযোগ্য মাইলফলক স্পর্শ করেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, গত ফেব্রুয়ারী মাসে জাতীয় স্তরে HPV টীকাকরণ কর্মসূচি চালু হয়।

---------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ শ্রী গুরু গ্রন্থ সাহিবের প্রকাশ পর্ব উপলক্ষে শিখ সম্প্রদায়ের প্রতি শুভেচ্ছা জানিয়েছেন।

সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী সিং বলেন, শ্রী গুরু গ্রন্থ সাহিবের শিক্ষা মানবজাতিকে সত্য, সেবা, সমতা, সহমর্মিতা ও সম্প্রীতির পথে পরিচালিত করে। এর গভীর বাণী পারস্পরিক সদিচ্ছা, শ্রদ্ধা ও ভ্রাতৃত্ববোধের মাধ্যমে সমাজ ও দেশের সেবায় মানুষকে অনুপ্রাণিত করে বলেও জানান তিনি।

প্রতিরক্ষা মন্ত্রী আশা প্রকাশ করেন, এই পবিত্র দিনটি সকলের জীবনে শান্তি, সুখ ও সমৃদ্ধি বয়ে আনবে এবং মানবকল্যাণে কাজ করার সংকল্পকে আরও দৃঢ় করবে।

---------------------

ভারী বৃষ্টি ও বাঁধ থেকে জল ছাড়ার জেরে উত্তরপ্রদেশের অন্তত ২৫টি জেলা বন্যাকবলিত। পরিস্থিতি মোকাবিলায় ত্রাণ ও উদ্ধারকাজ চলছে। এখনও পর্যন্ত মোট প্রায় ২১ হাজার মানুষকে নিরাপদ আশ্রয়ে সরানো হয়েছে। প্রায় ৩ হাজার মানুষ বর্তমানে ত্রাণ শিবিরে রয়েছেন। বন্যাকবলিত এলাকায় ১ হাজার ১৬৫টি মেডিকেল টিম মোতায়েন করা হয়েছে। লখনউ-সহ বিভিন্ন জেলায় বৃষ্টি অব্যাহত রয়েছে।

---------------------

দক্ষিণ কোরিয়াকে ৫-১ গোলে হারিয়ে ভারত মহিলাদের জুনিয়র এশিয়া কাপ হকির ফাইনালে উঠেছে । চীনের মোকিতে দক্ষিণ কোরিয়ার বিরুদ্ধে ভারতের সুপ্রিয়া হ্যাট্রিক করেন। মধু শিকদার এবং সুখবির কাউর একটি করে গোল করেন। দ্বিতীয় সেমি ফাইনালে চীন এবং জাপানের খেলার বিজেতা দলের সঙ্গে ভারত ফাইনালে মুখোমুখি হবে। কোয়ার্টার ফাইনালে ১৯-০ গোলে পাকিস্তানকে হারিয়ে ভারত সেমী ফাইনালে ওঠে।

---------------------

এশিয়া কাপ মহিলা টি- টোয়েন্টি ক্রিকেটের ফাইনালে, আগামীকাল দুবাইয়ে ভারতের মুখোমুখি হবে শ্রীলঙ্কা। গত রাতে পাকিস্তানকে চার উইকেটে হারিয়ে ফাইনালে জায়গা করে নেয় শ্রীলঙ্কা।

-------------------- --------------------